

স্মারক নং: ৪৭.৬৪.১০৮৮.০১৪.৩৩.০৪৯.১৯/১৭৬৭

তারিখ: ০৯ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
২৫ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

আমরা
শোকাহত

শোকাবার্তা

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র পিআরএল ভোগরত পরিচালক ড. মোঃ আব্দুর রশিদ এর সহধর্মিনী শামশ্ পারভীন শিমু অদ্য ২৫ অক্টোবর ২০২০ খ্রি. রোজ রবিবার সকাল ৬:০০ টায় শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়াতে চিকিৎসাধীন অবস্থায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৬ বছর। তিনি স্বামী, এক পুত্র ও এক কন্যাসহ বহু আত্মীয়স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাঁর আকস্মিক মৃত্যুতে আরডিএ, বগুড়া'র সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীসহ আরডিএ পরিবার গভীরভাবে মর্মান্বিত ও শোকাভিভূত।

২। শামশ্ পারভীন শিমু একজন সদালাপী, নিরহংকারী ও মানবীয় গুণাবলী সম্পন্ন আর্কষণীয় ব্যক্তিত্বের অধিকারিনী ছিলেন। তিনি ছিলেন তার স্বামী ড. মোঃ আব্দুর রশিদের সকল কর্মপ্রেরণার উৎস। আরডিএ পরিবারের সকলের সাথে তার হৃদয়তাপূর্ণ সুসম্পর্ক বজায় ছিল। তার অকাল মৃত্যুতে আরডিএ পরিবার গভীর শ্রদ্ধা ও শোকার্তচিত্তে তাকে স্মরণ করছে।

৩। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী ড. মোঃ আব্দুর রশিদের শোক-সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করেছে এবং তাঁর সহধর্মিনীর বিদেহী আত্মার মাগফিরাত ও চির শান্তি কামনা করেছে। মহান আল্লাহ তাআলা মরহমা শামশ্ পারভীন শিমুকে জান্নাতুল ফেরদৌস নসিব করুন। আমিন।।



খলিল আহমদ

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।